# উদ্ভাবনী ধারণা:

## ‘অনলাইন তথ্য প্রদান সেবা

## বিবিএস, ডুমুরিয়া’

১৮ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ

**বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো**
**উপজেলা পরিসংখ্যান অফিস**
ডুমুরিয়া, খুলনা।
www.bbs.dumuria.khulna.gov.bd

# ‘অনলাইন তথ্য প্রদান সেবা, বিবিএস, ডুমুরিয়া’

## উপজেলা পরিসংখ্যান কার্যালয়, ডুমুরিয়া, খুলনা-এর উদ্ভাবনী ধারণার সংক্ষিপ্ত বিবরণ :

- “ডিজিটাল বাংলাদেশ দৃশ্যমান, লক্ষ্য এবার স্মার্ট বাংলাদশ বিনির্মাণ”- এই মন্ত্রকে পুঁজি করে এগিয়ে যাচ্ছে প্রিয় এ মাতৃভূমি। এরই ধারাবাহিকতায় উপজেলা পরিসংখ্যান কার্যালয়, ডুমুরিয়া, খুলনা কর্তৃক ‘অনলাইন তথ্য প্রদান সেবা, বিবিএস, ডুমুরিয়া’ শিরোনামের উদ্ভাবনী ধারণাটির সৃষ্টি।

- ডিজিটাল পদ্ধতিতে বিবিএস ডুমুরিয়া-এর ওয়েবপোর্টাল (www.bbs.dumuria.khulna.gov.bd) অথবা অফিসিয়াল ফেসবুক পেইজ (উপজেলা পরিসংখ্যান অফিস ডুমুরিয়া)-এর মাধ্যমে তথ্য অধিকার আইন মোতাবেক অধিকতর দ্রুত সময়ে তথ্য সেবা প্রদান নিশ্চিতকরণের মাধ্যমে এই উদ্ভাবনী ধারণার বাস্তবায়ন সম্ভব।

- কার্যক্রমের পরিক্রমায় বিবিএস ডুমুরিয়া-এর ওয়েবপোর্টালের হোম পেইজ, নোটিশ বোর্ড এবং তথ্য অধিকার নামক সেবাবক্সে তথ্য প্রাপ্তির আবেদনপত্র ফরম ‘ক’ এর গুগল ডকুমেন্ট (Google Docx) এবং সম্পাদনাযোগ্য (Editable) পিডিএফ আপলোড করা হয়েছে। একইসাথে উক্ত ডকুমেন্টগুলো বিবিএস ডুমুরিয়া-এর অফিসিয়াল ফেসবুক পেইজ (উপজেলা পরিসংখ্যান অফিস ডুমুরিয়া)-এ সন্নিবেশিত করা আছে।


- যে কোন সেবা গ্রহীতা ওয়েবপোর্টাল অথবা অফিসিয়াল ফেসবুক পেইজ হতে লিংকে প্রবেশ করে ফরমটি পূরণপূর্বক স্ক্যানকৃত স্বাক্ষর প্রদান করতে পারবেন। বিবিএস ডুমুরিয়ার অফিসিয়াল ই-মেইলের সাথে ফরমটির লিংক আপ থাকায় স্বয়ংক্রিয়ভাবে ই-মেইলে সেবা গ্রহীতা কর্তৃক চাহিত আবেদনের নোটিফিকেশন আসবে।

- ফলে সেবা গ্রহীতাকে তাৎক্ষনিক তথ্য সেবা প্রদান করা সম্ভব হবে। উক্ত মাধ্যমে তথ্য প্রাপ্তিতে তথ্য গ্রহীতার সময় ও শ্রম সাশ্রয় হবে এবং বিনামূল্যে সেবা গ্রহণের সুযোগ পাবে। তদুপরি তথ্য গ্রহণে তথ্য গ্রহীতার হয়রানি ও প্রতারণা হ্রাস পাবে।

## ‘ডিজিটাল তথ্য সেবা, বিবিএস, ডুমুরিয়া’-এর উদ্ভাবনী ধারণার উদ্দেশ্য:

- সেবা গ্রহীতার সময় ও শ্রম সাশ্রয়
- সেবা গ্রহীতা নিজ অবস্থানে থেকে তথ্য সেবা প্রাপ্তি
- তথ্য সেবার মান সহজীকরণ
- অফিসিয়াল পেইজের মাধ্যমে তথ্য গ্রহণে তথ্য গ্রহীতার হয়রানি বা প্রতারণা হ্রাস তথ্য সেবা বিনামূল্যে প্রাপ্তি
- দ্রুততর সময়ে তথ্য সেবা প্রদান
- সুনির্দিষ্ট ব্যক্তি নির্ভরতার হার কমানো
- স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ডিজিটাল মাধ্যম ব্যবহার

# প্রসেস ম্যাপ



শুরু
ওয়েব পোর্টালে প্রবেশ করে গুগল ডকুমেন্ট বা সম্পাদনাযোগ্য (editable) পিডিএফ পুরণ।
ফেসবুক পেজ-এ প্রবেশ করে করে গুগল ডকুমেন্ট বা সম্পাদনাযোগ্য (editable) পিডিএফ পুরণ।
উপজেলা পরিসংখ্যান অফিস কর্তৃক অফিসিয়াল ই-মেইলে স্বয়ংক্রিয়ভাবে নোটিফিকেশন প্রাপ্তি
চাহিত তথ্যের ধরণ এবং প্রাপ্যতা অনুসারে প্রদানযোগ্য কিনা তা যাচাই
সিদ্ধান্ত গ্রহণ
হ্যাঁ
না
তথ্যের উৎস সন্ধান
তথ্য প্রস্তুতকরণ
তথ্য প্রদান
ফিরতি মেইলে অপারগতার কারণ সম্পর্কে অবহিতকরণ
শেষ

## ডিজিটাল তথ্য সেবার উপকারভোগী:

সরকারি/আধা-সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানসমূহ, সংবাদকর্মী, এনজিও, শিক্ষার্থী, সুশীল সমাজের নাগরিকগণসহ সর্বোপরি যে কোন নাগরিকই এই সেবা প্রাপ্তির আওতাভুক্ত।

## উদ্ভাবনী সেবার লিংকসমূহ:

**ওয়েব পোর্টালঃ** [www.bbs.dumuria.khulna.gov.bd](www.bbs.dumuria.khulna.gov.bd)
**নোটিশ বোর্ডঃ** http://surl.li/qryko

**ফেসবুক পেইজঃ**
https://www.facebook.com/share/p/sGGv58wQfooUhf5f/?mibextid=oFDknk


## TCV ক্যালকুলেশন:

| TCV | সময় (T) | খরচ (C) | যাতায়াত (V) | মান (Q) |
|---|---|---|---|---|
| উদ্ভাবনী পরিকল্পনা বাস্তবায়নের পূর্বে | ১ বা ২ দিন | অফিস আনুষাঙ্গিক বাজেট থেকে খরচ | তথ্য গ্রহীতার দুরত্ব অনুযায়ী | ম্যানুয়াল |
| উদ্ভাবনী পরিকল্পনা বাস্তবায়নের পরে | ১৫-২০ মিনিট | কাগজবিহীন, শূন্য (০) | কোন খরচ হয় না | অনলাইনভিত্তিক |


# প্রত্যাশিত ফলাফল (তথ্যচিত্র)





**ছবি-১: বিবিএস ডুমুরিয়া-এর ওয়েবপোর্টালের হোম পেইজ**





**ছবি-২: বিবিএস ডুমুরিয়া-এর ওয়েবপোর্টালের নোটিশ বোর্ড**




ছবি-৩: অফিসিয়াল ফেসবুক পেইজ (উপজেলা পরিসংখ্যান অফিস ডুমুরিয়া)




ছবি-৪: তথ্য প্রাপ্তির আবেদনপত্র ফরম 'ক' এর গুগল ডকুমেন্ট (Google Docx)


১। আবেদনকারীর নাম : ...........................................
পিতার নাম :...........................................
মাতার নাম
বর্তমান ঠিকানা :...........................................
স্থায়ী ঠিকানা ...........................................
ফ্যাক্স, ই-মেইল, টেলিফোন ও মোবাইল ফোন নম্বর (যদি থাকে) : ...........................................
২। কি ধরনের তথ্য" (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন) : ...........................................

৩। কোন পদ্ধতিতে তথ্য পাইতে আগ্রহী (ছাপানো/ফটোকপি/
লিখিত/ই-মেইল/ফ্যাক্স/সিডি অথবা অন্য কোন পদ্ধতি) : ...........................................
৪। তথ্য গ্রহণকারীর নাম ও ঠিকানা : ...........................................
৫। প্রযোজ্য ক্ষেত্রে সহায়তাকারীর নাম ও ঠিকানা :...........................................

| | |
|---|---|
| আবেদনের তারিখ : ২০/০২/২০২৪ | আবেদনকারীর স্বাক্ষর |

* তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা ২০০৯ এর ৮ ধারা অনুযায়ী তথ্যের মূল্য পরিশোধযোগ্য।

**ছবি-৫: তথ্য প্রাপ্তির আবেদনপত্র ফরম 'ক' এর সম্পাদনাযোগ্য (Editable) পিডিএফ**

## উপসংহার:

অনলাইন তথ্য সেবার বাস্তবায়নের মাধ্যমের মাধ্যমে সেবার মান অধিকতর সময়োপযোগী এবং সহজতর করা সম্ভবপর হয়েছে। ব্যাপক প্রচার প্রচারণার মাধ্যমে সকল পর্যায়ে সকলের নিকট এই সুবিধাটি পৌঁছে দিতে পারলে এবং উক্ত পদ্ধতির দ্বারা প্রত্যেক সেবা গ্রহীতাকে সুযোগ ও সক্ষমতার আওতায় আনতে পারলে **'অনলাইন তথ্য প্রদান সেবা, বিবিএস, ডুমুরিয়া'** উদ্ভাবনী ধারণাটি সফল হবে।